



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd



স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯১.০০১.২২-২৬৬

তারিখ: ১৬ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

**“শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড”-২০২৩ এর
বিজ্ঞপ্তি**

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের তত্ত্বাবধানে সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড”-২০২৩ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে চলতি ২০২২-২০২৩ অর্থবছরে উল্লিখিত ০৫টি ক্যাটাগরিতে যুবদের পুরস্কার প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী নির্ধারিত আবেদন ফরমে সরাসরি দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

পুরস্কার ক্যাটাগরির নাম


ক্রমিক নং	ক্যাটাগরির নাম	পুরস্কার সংখ্যা	পুরস্কারের ধরণ (প্রতিটির ক্ষেত্রে)
১.	যুব উন্নয়ন ও কর্মসংস্থানে অসাধারণ অবদানের জন্য	০৩(তিন)টি	প্রতিটি পুরস্কার নগদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা/প্রাইজবন্ড, একটি সম্মাননা ক্রেন্স্ট এবং একটি সার্টিফিকেট
২.	শিক্ষা, বিজ্ঞান, তথ্য প্রযুক্তি, কারিগরির ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য	০৩ (তিন)টি	
৩.	দেশ প্রেম, বীরত্ব ও সাহসিকতার ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য	০৩(তিন)টি	
৪.	জ্যেষ্ঠদের প্রতি আদর্শ সেবা/ সমাজকল্যাণে অসাধারণ অবদানের জন্য	০৩ (তিন)টি	
৫.	ক্রীড়া, কলা ও সংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদানের জন্য	০৩ (তিন)টি	

আবেদনের শর্তাবলী

১. আবেদনকারীকে অবশ্যই ১৮ হতে ৪৫ বছরের বয়সসীমার নারী-পুরুষ নির্বিশেষে বাংলাদেশের নাগরিক হতে হবে।
২. অলাভজনক, অরাজনৈতিক এবং অবৈতনিকভাবে স্বৈচ্ছাসেবক হিসেবে সেবা ও উন্নয়নমূলক কর্মে নিয়োজিত যুবরাই এ পুরস্কারের যোগ্য হিসেবে বিবেচিত হবেন।
৩. আগ্রহী যুবগণকে স্ব স্ব উপজেলা কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন দাখিল করতে হবে। তবে মহানগরীর ক্ষেত্রে (যেখানে উপজেলা কার্যালয় নেই) সরাসরি জেলা কমিটির সভাপতি হিসেবে জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে।
৪. উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক ও যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়ে আবেদন দাখিল করা যাবে। এ ছাড়া ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগরীর ক্ষেত্রে জেলা প্রশাসক ও যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়ে আবেদন দাখিল করা যাবে।
৫. আবেদনের সাথে দাখিলকৃত প্রোফাইলের বিষয়ে ০২ (দুই) জন বিশিষ্ট ব্যক্তির প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। বিশিষ্ট ব্যক্তি বলতে-মাননীয় সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র, প্রথম শ্রেণি গেজেটেড কর্মকর্তা, উপজেলা পরিষদের চেয়ারম্যান, পৌরসভার মেয়র এবং আধাসরকারি/স্বায়তশাসিত/রাষ্ট্রায়ত্ত্ব সংস্থায় জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদুর্ধ্ব শ্রেণিতে কর্মরত কর্মকর্তাগণকে বুঝাবে।
৬. একজন আবেদনকারী কেবলমাত্র একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন।
৭. ফৌজদারি আমলায় দণ্ডিত কোন ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
৮. সমাজ বা রাষ্ট্র বিরোধী কাজে লিপ্ত কোন যুব এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
৯. ঋণখেলাপি কোন ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
১০. চূড়ান্তভাবে বিজয়ীকে ডোপ টেস্টে যোগ্য বিবেচিত হতে হবে। কোন বিজয়ী ডোপ টেস্টে অযোগ্য বিবেচিত হলে ক্যাটাগরির মেধাক্রমের শীর্ষ থেকে পরবর্তী বিজয়ী নির্বাচিত হবেন।

পাতা/২

১১. ঢাকা ওআইসি ইয়ুথ ক্যাপিটালের আওতায় “শেখ হাসিনা ইয়ুথ ডলান্টিয়ার অ্যাওয়ার্ড” এবং “শেখ হাসিনা ইয়ুথ ডলান্টিয়ার অ্যাওয়ার্ড”-২০২২ প্রাপ্ত কেউ এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
 ১২. ক্ষেত্র বিশেষে যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড বা উপযুক্ত কর্তৃপক্ষ পুরস্কারের পরিমাণ ও সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবে।
 ১৩. পুরস্কার প্রদানের বিষয়টি সম্পূর্ণ যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের এখতিয়ারভুক্ত হওয়ায় এ বিষয়ে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।
- ২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইটের (www.moysports.gov.bd) সেন্সিটিভ বাবে “শেখ হাসিনা ইয়ুথ ডলান্টিয়ার অ্যাওয়ার্ড”-২০২৩ নির্বাচন করে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহপূর্বক তা যথাযথভাবে পূরণ করে এসঙ্গে অনুচ্ছেদভিত্তিক চাহিত তথ্যাদি সংযুক্ত করে আবেদনের হার্ডকপি আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ (০১ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ) তারিখের মধ্যে অবশ্যই নির্ধারিত স্থানে (শর্তাবলীর ৩ ও ৪ নং অনুচ্ছেদ অনুযায়ী) সরাসরি দাখিল করতে হবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর কোন আবেদন বিবেচিত হবে না।
 - ৩। আবেদনের সাথে যথাযথ প্রমাণক (সনদপত্র, প্রত্যায়নপত্র, ছবি, ভিডিও, সিডি/পেনড্রাইভ ও অন্যান্য তথ্যাদি) দাখিল করতে হবে।
 - ৪। নির্ধারিত আবেদনের ‘ছক’ ব্যতিত অন্য কোন ‘ছক’- এ আবেদন গ্রহণযোগ্য হবে না।
 - ৫। ক্ষেত্রে বিশেষে এ বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণের (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তাসহ) সহযোগিতা নেয়া যেতে পারে।


ডা. মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন : ৯৫১৩৩০৯